

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০০৫

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০১. হায়িযগ্রস্ত মহিলা সালাতের ওয়াক্তে ওযু করবে

بَابُ: الْحَائِضِ تَوَضَّأُ عِنْدَ وَقْتِ الصَّلَاةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ قَالَ سَمِعْتُ الْحَكَمَ بْنَ عُتَيْبَةَ يَقُولُ كَانَ يُعْجِبُهُمْ فِي الْمَرْأَةِ الْحَائِضِ أَنْ تَوَضَّاً وُضنُوءَهَا لِلصَّلَاةِ ثُمَّ تُسَبِّحَ اللَّهَ وَتُكَبِّرَهُ فِي وَقْتِ الصَّلَاةِ

إسناده صحيح

বাংলা

১০০৫. ইয়াহইয়া ইবনু আইয়ুব বলেন, আমি হাকাম ইবনু উতাইবাহ রাহি.কে বলতে শুনেছি, মহিলাদের এ বিষয়টি লোকদেরকে পছন্দনীয় ছিলো যে, হায়িযগ্রস্ত মহিলা সালাতের ওয়াক্ত হলে সালাতের ওযুর ন্যায় ওযু করবে, আল্লাহর তাসবীহ ('সুবহানাল্লাহ') পাঠ করবে এবং তাকবীর (আল্লাহর বড়ত্ব - আল্লাহু আকবার) পাঠ করবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমি এ সনদে এটি আর কোথাও পাইনি। তবে ইবনু আবী শাইবা ২/২৪৩ এ শু'বাহ হতে বর্ণনা করেন, আমি হাকাম ও হাম্মাদকে এ ব্যাপারে জিজ্ঞেস করলাম। তখন তারা দু'জন এটি অপছন্দ করলেন'।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু আইয়্যুব (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন